বিশ্বমানের জাতীয়
পরিসংখ্যান ব্যবস্থা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
আইসিটি -২ শাখা

# NSDS এর আলোকে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ওয়েবসাইট হালনাগাদকরণ সংক্রান্ত বিষয়ে গঠিত কমিটির সভার কার্যবিবরণী

---

| | |
|---|---|
| সভাপতি | দেবদুলাল ভট্টাচার্য্য<br>যুগ্মসচিব, বাজেট, আর্থিক ব্যবস্থাপনা ও অডিট এবং আইসিটি |
| সভার তারিখ | ০২-০১-২০২৪ |
| সভার সময় | দুপুর ২.০০ ঘটিকা |
| স্থান | সম্মেলন কক্ষ, ব্লক-বি, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ |
| উপস্থিতি | ... |

সভাপতি শুরুতে উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন জাতীয় তথ্য বাতায়ন বিশ্বের অন্যতম বৃহত্তম তথ্য বাতায়ন যা বাংলাদেশের সরকারি অফিসের তথ্য দ্বারা সমৃদ্ধ। সকল সরকারি ওয়েবসাইটকে একত্রে সংযুক্ত করে প্রতিটি নাগরিকের তথ্য ও সেবা প্রাপ্তি নিশ্চিত করতেই এই জাতীয় বাতায়ন প্রস্তুত করা হয়েছে। প্রতিটি সরকারী মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থাসমূহের কার্যক্রম ফুটে উঠে তার স্ব-স্ব ওয়েবসাইটের মাধ্যমে। তাই ওয়েবসাইট হালনাগাদ রাখা অত্যন্ত জরুরী একটি বিষয়। তিনি এ পর্যায়ে সদস্য সচিব জনাব মর্জা মোহাম্মদ আশরাফুল মুনিম, সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ-কে সভার উদ্দেশ্য সকলের সামনে উপস্থাপনের জন্য অনুরোধ জানান। সদস্য সচিব বলেন এ বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী NSDS এর আলোকে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ওয়েবসাইট হালনাগাদকরণ সংক্রান্ত বিষয়ে এই কমিটি গঠন করা হয়েছে। পরবর্তীতে সদস্য সচিব NSDS এর আলোকে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ওয়েবসাইট হালনাগাদকরণ সংক্রান্ত বিষয়ে মতামত প্রদানের জন্য সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে অনুরোধ জানান।

**০২।** এ পর্যায়ে জনাব রফিকুল ইসলাম, সিস্টেম অ্যানালিস্ট, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ বলেন আজকের সভার প্রধান উদ্দেশ্য হলো এনএসডিএস কর্তৃক প্রস্তুতকৃত ওয়েবসাইট অনুযায়ী এ বিভাগের ওয়েবসাইট হিসেবে রিপ্লেস করা যায় কিনা। এ ক্ষেত্রে বেশ কিছু বিষয় বিবেচনায় আনতে হবে। আমাদের যে অফিসিয়াল ওয়েবসাইটি রয়েছে তা এটুআই এর একটি ডেডিকেটেড টিম দ্বারা পরিচালিত এবং এই টিম দ্বারাই ওয়েবসাইটসাইটসমূহ প্রয়োজন অনুযায়ী আপগ্রেডশন ও কাস্টমাইজেশন করা হয়ে থাকে। মন্ত্রিপরিষদ বিভাগ ওয়েবসাইটের আপগ্রেডশন ও কাস্টমাইজেশন সমূহ মনিটরিং করে থাকে এবং সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাকে ওয়েবসাইট হালনাগাদের জন্য বিভিন্ন সময় গুরুত্বপূর্ণ নির্দেশনা প্রদান করে থাকে। তাই এই ওয়েবপোর্টাল থেকে বের হয়ে এসে নতুন একটি ওয়েবসাইট ডেভেলপ করতে হলে মন্ত্রিপরিষদ বিভাগ হতে অনুমোদন নেয়ার বিষয় রয়েছে কিনা তা খতিয়ে দেখতে হবে। তাছাড়া মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের ওয়েবসাইটসমূহ হ্যাকারদের টার্গেটের মধ্যে থাকে। হ্যাকাররা প্রায়ই এই সাইটসমূহে সাইবার অ্যাটাক চালিয়ে থাকে। এই

সাইবার অ্যাটাক প্রতিহত করার জন্য এটুআই এর বড় একটি সাইবার সিকিউরিটি টিম প্রতিনিয়ত কাজ করে যাচ্ছে। তাই নিজস্ব ব্যবস্থাপনায় নতুন একটি ওয়েবসাইট ডেভেলপ করা হলে এর সিকিউরিটি প্রদানের জন্য প্রয়োজনীয় জনবল ও প্রযুক্তির প্রয়োজন রয়েছে। তিনি আরো বলেন এনএসডিএস যে ওয়েবসাইটটি প্রস্তুত করেছে তার উদ্দেশ্যর সাথে এ বিভাগের ওয়েবসাইটের উদ্দেশ্যের মধ্যে অনেক ভিন্নতা রয়েছে। এনএসডিএস এর ওয়েবসাইট এবং এ বিভাগের ওয়েবসাইটের ফিচারগুলো তুলনা করলে দেখা যায় এনএসডিএস এর ওয়েবসাইট হলো পরিসংখ্যান নির্ভর একটি ওয়েবসাইট এবং আমাদের ওয়েবসাইটটি হলো প্রধানত একটি প্রশাসনিক ওয়েবসাইট। দুইটি ওয়েবসাইটের গঠন সম্পূন্ন ভিন্ন। তাই NSDS এর ওয়েবসাইট বিভাগের জন্য উপযোগী করতে হলে বেশ কিছু ডেভেলপমেন্টের প্রয়োজন রয়েছে।

০৩। এপর্যায়ে সভাপতি বলেন এনএসডিএস এর ওয়েবসাইটটি পর্যালোচনা করে এর থেকে কোন কোন অংশসমূহ এ বিভাগের ওয়েবসাইটে সংযুক্ত করা যায় তা নির্ধারণ করা যেতে পারে। এরই পরিপ্রেক্ষিতে জনাব যতন কুমার সাহা, সিস্টেম অ্যানালিস্ট, বিবিএস বলেন এ বিভাগের ওয়েবসাইটে একটি সেবাবক্স করা যেতে পারে যেখানে এসএসডিএস এর ওয়েবসাইটের ফিচারগুলোর লিংক করা থাকবে। জনাব মোঃ সাজেদুর রহমান, আইসিটি পরামর্শক, এনএসডিএস প্রকল্প বলেন এনএসডিএস এর ওয়েবসাইটটির ডাটা ভিজুয়ালাইজেশন করার জন্য PxWeb নামে আলাদা একটি অ্যাপ্লিকেশন ব্যবহৃত হয়েছে। তাই এই ওয়েবসাইটটির আলোকে নতুন একটি ওয়েবসাইট প্রস্তুত করা বড় একটি কাজ। তাই নতুন একটি ওয়েবসাইট প্রস্তুতের পরিবর্তে এনএসডিএস এর ওয়েবসাইটটির ফিচারগুলো এ বিভাগের ওয়েবসাইটে সংযুক্ত করা যায় কিনা তা পর্যালোচনা করতে হবে। এপর্যায়ে জনাব রফিকুল ইসলাম বলেন এনএসডিএস এর ওয়েবসাইটটির ফিচারগুলো এ বিভাগের ওয়েবসাইটে ইন্টিগ্রেড করা যায় কিনা সে বিষয়ে এটুআই এর সাথে যোগাযোগ করা যেতে পারে। তাছাড়া এ বিভাগের ওয়েবসাইটের ফ্রন্ট পেজে কিছু পরিসংখ্যান সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্যের সারসংক্ষেপ বার চার্ট অথবা পাই চার্ট আকারে রাখা যাবে কিনা সে বিষয়ে এটুআই এর সাথে আলোচনা করা যেতে পারে। এ বিষয়ে সভাপতিসহ সভায় উপস্থিত সকলে একমত পোষণ করেন।

০৪। <u>বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:</u>

(ক) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ওয়েবসাইটে এনএসডিএস এর ওয়েবসাইটটির ফিচারগুলো ইন্টিগ্রেড করা যাবে কিনা এবং এ বিভাগের ওয়েবসাইটের ফ্রন্ট পেজে কিছু পরিসংখ্যান সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্যের সারসংক্ষেপ বার চার্ট অথবা পাই চার্ট আকারে রাখা যাবে কিনা সে বিষয়ে এটুআই এর সাথে যোগাযোগ করতে হবে।

(খ) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ওয়েবসাইটটি পরিসংখ্যানিক অবয়ব দেওয়ার বিষয়ে এটুআই এর সাথে যোগাযোগ করতে হবে।

(গ) এ বিভাগের ওয়েবসাইটে এনএসডিএস এর লিংকগুলো সংযুক্ত করে একটি সেবাবক্স করা যেতে পারে।

০৫। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

দেবদুলাল ভট্টাচার্য্য
যুগ্মসচিব, বাজেট, আর্থিক ব্যবস্থাপনা ও অডিট

এবং আইসিটি

স্মারক নম্বর: ৫২.০০.০০০০.০২৭.৯৯.০০১.২০.৩

তারিখ: ১৯ পৌষ ১৪৩০
০৩ জানুয়ারি ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) যুগ্মসচিব, যুগ্মসচিব (উন্নয়ন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

২) মোঃ দিলদার হোসেন, উপসচিব ও প্রকল্প পরিচালক, এনএসডিএস প্রকল্প, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

৩) সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

৪) সিস্টেম এনালিস্ট, কার্টোগ্রাফি, জিও কোড ও জিআইএস শাখা, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)

৫) একান্ত সচিব , সচিবের দপ্তর, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

৬) প্রোগ্রামার, কম্পিউটার উইং, ওয়েবসাইট, পিডিএস, রেডেটাম ও ওয়েব পোর্টাল, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)

৭) প্রোগ্রামার, প্রোগ্রামার (আইসিটি), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

৮) মোঃ সাজেদুর রহমান, আইসিটি পরামর্শক, এনএসডিএস প্রকল্প

Ashraful

মির্জা মোহাম্মদ আশরাফুল মুনিম
সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার